

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
কাঞ্চন শাখা, থানা- রূপগঞ্জ, জেলা- নারায়নগঞ্জ

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স মামুন এন্টারপ্রাইজ নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী মোঃ আব্দুল্লাহ আল মামুন, পিতাঃ মৃত ফয়েজ উদ্দিন, মাতাঃ ফাহিমদা, ব্যবসায়িক ঠিকানা : গ্রাম- দেবই, পোঃ বিরাব, থানা- রূপগঞ্জ, জেলা- নারায়নগঞ্জ, বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ গ্রাম- দেবই, পোঃ বিরাব, থানা- রূপগঞ্জ, জেলা- নারায়নগঞ্জ কর্তৃক ইউসিবি, কাঞ্চন শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৭/০৬/২০১৭ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৯২,৯২,৪৮৬.১২ (বিরানবই লব বিরানবই হাজার চারশত ছিয়াশি টাকা বার পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলাঃ নারায়নগঞ্জ, থানা ও সাব রেজিস্ট্রি অফিস রূপগঞ্জ, মৌজা- বড় আমদিয়া, জে.এল. নং ৫৫, প্রজার খতিয়ান নং- ১৪, ৪৫, ২৯, ৭, এস.এ. খতিয়ান নং- ১৩, ৭৫ এবং ৮৮, আর.এস. খতিয়ান নং- ১৯৫, ১৭৫ এবং ৩৫৪, দাগ নং- এস.এ. ৫৫৭, ৬০২, ৬০৩, ৬০১ এবং ৫৫৮, আর.এস. ১৩২৩, ১৩২২, ১৩১৬, ১৩১৭, ১০০৮ এবং ১০০৭, মোট জমির পরিমাণ (৩৩.০০+২০.০০+২৬.০০+১২.০০+১৫.০০) শতাংশ = ১০৬.০০ শতাংশ এবং তদুপরিস্থিত স্থাপনাদি।

চৌহদ্দি :

- ৩৩.০০ শতাংশের জন্য, উত্তরে - ফরিদ আহমেদ, দরিনে -নিজের জমি, পূর্বে -রাসরা/মোঃ আজমত আলি, পশ্চিমে - মোঃ আসাদুজ্জামান।
২০.০০ শতাংশের জন্য, উত্তরে - মোকরর, দরিনে -হযরত আলি, পূর্বে - নিজের জমি, পশ্চিমে - মোঃ আজমত আলি।
২৬.০০ শতাংশের জন্য, উত্তরে - সামসুদ্দিন, দরিনে - আজমত আলি, পূর্বে - রাসরা, পশ্চিমে - মোঃ আজমত আলি।
১২.০০ শতাংশের জন্য, উত্তরে - মোঃ আসাদুজ্জামান, দরিনে - সামসুজ্জামান, পূর্বে - ওসুমদ্দিন, পশ্চিমে - মোঃ সুরজাহান।
১৫.০০ শতাংশের জন্য, উত্তরে- মোঃ আসাদুজ্জামান, দরিনে বাসির গং, পূর্বে - হামিদ গং, পশ্চিমে - নিজের জমি।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ০৬/০৯/২০১৭ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কাঞ্চন শাখা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, কাঞ্চন শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্ফাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্ফাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পলম্বী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্ফাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্মারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।